

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃঅধিঃ/সহকারী পরিচালক(পার-৪)তদন্ত/২০১৬/

তারিখঃ ২৮/০৩/২০১৬

তদন্ত নোটিশ :


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আদেশ নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৫-১৭০, তারিখঃ ২৮/০২/২০১৫ ইং এর মাধ্যমে ডাঃ কামাল হোসেন ( কোড নং-১২০১৫০), সহকারী সার্জন/মেডিকেল অফিসার হিসাবে বদলীর আদেশাধীন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মঠবাড়িয়া, পিরোজপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক রঞ্জুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য সরকারী কর্মচারী ( শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) মোতাবেক ডাঃ পবিত্র কুমার কুন্ডু, সহকারী পরিচালক (পার-৪), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। উক্ত আদেশের নির্দেশ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-ডিজিএইচএস/পার-২/এডহক/কে-৬৯/২০১২/২৮৯৮, তারিখঃ ০৯/০৩/২০১৬ ইং এর মাধ্যমে তদন্তকারী কর্মকর্তার নিকট অভিযোগ সমূহ উপস্থাপন করার জন্য আবুল কালাম রাজী, হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা কে কন্ডাক্টিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়। সেই প্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক আগামী ২৭/০৩/২০১৬ ইং তারিখঃ সকাল ১১ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মঠবাড়িয়া, পিরোজপুর তদন্তের দিন ও সময় ধার্য করা হলো। উক্ত ধার্যকৃত সময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থেকে তদন্ত কার্যে সহায়তা করার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে ([www.dghs.bd.com](http://www.dghs.bd.com)) নোটিশ টি পাওয়া যাবে।




( ডাঃ পবিত্র কুমার কুন্ডু )  
সহকারী পরিচালক (পার-৪)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
এবং  
তদন্তকারী কর্মকর্তা

স্মারক নং- স্বাঃঅধিঃ/সহকারী পরিচালক(পার-৪)তদন্ত/২০১৬/



অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

- ১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ( দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব (শৃঙ্খলা-১ শাখা) )
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। ( দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক (সমন্বয়) )
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
- ৬। সিভিল সার্জন, পিরোজপুর। তাঁকে তাঁর নিয়ন্ত্রনাধীন মেডিকেল অফিসার ডাঃ কামাল হোসেন (কোড নং-১২০১৫০) সহ সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত স্থানে যথাসময়ে তদন্তের দিন হাজির থাকার বিষয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এ, জি, বি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মঠবাড়িয়া, পিরোজপুর। তাঁকে তদন্তকারী কর্মকর্তাকে থাকার সুব্যবস্থা করতঃ তাঁর নিয়ন্ত্রনাধীন মেডিকেল অফিসার ডাঃ কামাল হোসেন (কোড নং-১২০১৫০) সহ সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত স্থানে যথাসময়ে তদন্তের দিন হাজির থাকার বিষয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। ডাঃ কামাল হোসেন ( কোড নং-১২০১৫০), সহকারী সার্জন/মেডিকেল অফিসার হিসাবে বদলীর আদেশাধীন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মঠবাড়িয়া, পিরোজপুর।
- ১০। ডাঃ কামাল হোসেন ( কোড নং-১২০১৫০), সহকারী সার্জন/মেডিকেল অফিসার হিসাবে বদলীর আদেশাধীন, স্থায়ী ঠিকানাঃ পিতাঃ শহীদুল আলম, গ্রামঃ-তাতিকান্দি, পোঃ টিপি হাইস্কুল, উপজেলাঃ-রাইজের, জেলাঃ মাদারীপুর। তাঁকে স্বাস্থ্য অধিদপ্তরে তদন্তকারী কর্মকর্তার নিকট হাজির হয়ে অভিযোগের বিষয়ে জবানবন্দি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১১। আবুল কালাম রাজী, হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও কন্ডাক্টিং অফিসার।



সহকারী পরিচালক (পার-৪)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
এবং  
তদন্তকারী কর্মকর্তা